

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৯০

১/ ঈমান

পরিচ্ছেদঃ জ্বিন ও শয়তান জগৎ

## আরবী

عَن عَامِرٍ قَالَ سَأَلْتُ عَلْقَمَةَ هَلْ كَانَ ابْنُ مَسْعُودِ شَهِدَ مَعْ رَسُولِ اللهِ عَلَيْ اَيْلَةَ الْجِنِ قَالَ فَقَالَ عَلْقَمَةُ أَنَا سَأَلْتُ ابْنَ مَسْعُودٍ فَقُلْتُ هَلْ شَهِدَ أَحَدٌ مِنْكُمْ مَعَ رَسُولِ اللهِ عَلَيْ قَالَ فَقَالَ عَلْقَمَةُ أَنَا سَأَلْتُ ابْنَ مَسْعُودِ فَقُلْت هُلْ شَهِدَ أَحَدٌ مِنْكُمْ مَعَ رَسُولِ اللهِ عَلَيْ قَلْتَ الْيَلَةِ فَقَقَدْنَاهُ فَالْتَمَسْنَاهُ فِي الأَوْدِيَةِ لَيْلَةَ الْجِنِ قَالَ لاَ وَلَكِنَّا كُنَّا مَعَ رَسُولِ اللهِ عَلَيْهِ لَيْلَةٍ بَاتَ بِهَا قَوْمٌ فَلَمَّا أَصِبْحْنَا إِذَا هُو وَالشِّعَابِ فَقُلْنَا اسْتُطِيرَ أَوِ اغْتِيلَ قَالَ فَعَلْنَا بِشَرِّ لَيْلَةٍ بَاتَ بِهَا قَوْمٌ فَلَمَّا أَصِبْحُنَا إِذَا هُو وَالشِّعَابِ فَقُلْنَا لسُّتُطِيرَ أَو اغْتِيلَ قَالَ اللهِ فَقَدْنَاكَ فَطَلَبْنَاكَ فَلَمْ نَجِدْكَ فَبِتْنَا بِشَرِّ لَيْلَةٍ جَاءٍ مِنْ قَبَل حِرَاءٍ قَالَ فَقُلْنَا يَا رَسُولَ اللهِ فَقَدْنَاكَ فَطَلَبْنَاكَ فَلَمْ نَجِدْكَ فَبِتْنَا بِشَرِّ لَيْلَةٍ بَاتَ بِهَا قَوْمٌ فَقَالَ أَتَانِي دَاعِي الْجِنِ فَذَهَبْتُ مَعَهُ فَقَرَأُتُ عَلَيْهِمُ الْقُرْآنَ قَالَ فَانْطَلَقَ بِنَا اللهِ عَلَيْهِ يَقَعُ فِي الْمَالِكُمْ فُقَرَأُتُ عَظْمٍ ذُكِرَ السُمُ اللهِ عَلَيْهِ يَقَعُ فِي الْمَالِ اللهِ عَلَيْهِ مَا عَلَى اللهِ عَلَيْهِ فَلَا تَسْتَنْجُوا أَوْدُ لَا يُكُمْ أَوْفَرَ مَا يَكُونُ لَحُمًا وَكُلُّ بَعَرَةٍ عَلَفٌ لِدَوالِّكُمْ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْهِ فَلَا تَسْتَنْجُوا بِهِمَا فَإِنَّهُمَا طَعَامُ إِخْوَانِكُمْ

## বাংলা

(৯০) আমের বলেন, আমি আলকামাহকে জিজ্ঞাসা করলাম, ইবনে মাসঊদ (রাঃ) কি জ্বিনের রাত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলেন? উত্তরে তিনি বললেন, আমি ইবনে মাসঊদকে জিজ্ঞাসা করেছি, আপনাদের কেউ কি জ্বিনের রাত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলেন? তিনি বললেন, 'না। তবে এক রাত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে আমরা খুঁজে পাচ্ছিলাম না। সুতরাং আমরা তাঁকে উপত্যকা ও গিরিপথে খুঁজে বেড়াতে লাগলাম। বলতে লাগলাম, 'তাঁকে উড়িয়ে নিয়ে যাওয়া হয়েছে, আততায়ী দ্বারা খুন করা হয়েছে।' আমরা সম্প্রদায়ের একটি মন্দতম রাত্রি অতিবাহিত করলাম। সকাল হলে তিনি হিরার দিক থেকে আগমন করলেন।

অতঃপর আমরা তাঁকে বললাম, 'হে আল্লাহর রসূল! আমরা আপনাকে হারিয়ে খোঁজাখুঁজি করে না পেয়ে সম্প্রদায়ের একটি মন্দতম রাত্রি অতিবাহিত করলাম।' তিনি বললেন, আমার কাছে এক জ্বিনের আহবায়ক এসেছিল। আমি তার সঙ্গে গিয়ে তাদের কাছে কুরআন পড়লাম। অতঃপর তিনি আমাদেরকে সঙ্গে নিয়ে গিয়ে তাদের বিভিন্ন চিহ্ন ও তাদের আগুনের চিহ্ন দেখালেন। তারা তাঁর নিকট খাদ্য চেয়েছিল। তিনি বলেছিলেন



আল্লাহর নাম উল্লেখ করে যে কোন হাডিডর উপর তোমাদের হাত পড়বে, তা তোমাদের জন্য পর্যাপ্ত গোপ্তে পরিণত হবে। আর প্রত্যেক গোবর হবে তোমাদের পশুখাদ্য। অতঃপর তিনি বললেন, সুতরাং তোমরা ঐ দুটি জিনিস দিয়ে পবিত্রতা অর্জন করবে না। কারণ তা তোমাদের (জ্বিন) ভাইদের খাদ্য।

## ফুটনোট

(মুসলিম ১০৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন